দৈনিক সংবাদ

JUN. 08 2002

তারিখ ........
পৃষ্ঠা ...১... কলাম ...৪...

# ঢা. বি. প্রক্টরের অভিযান

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক নজরুল ইসলাম এক অভিযান চালিয়ে ৫ বহিরাগত নেশাখোরকে পুলিশে সোপর্দ করেছেন। রমনা থানা পুলিশ প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর তাদের ছেড়ে দেয়।

ক্যাম্পাসে বৃহস্পতিবার রাত ৮টায় নজরুল ইসলামের নেতৃত্বে ৩ জন সহকারী প্রক্টর বিশেষ অভিযানের মাধ্যমে এদের নেশা করা অবস্থায় হাতেনাতে ধরেন।